নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ মডস জোন-২

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), মডস জোন-২

নথি নম্বর: **৪৬.০৫.০০০০.৪০৫.৩৯.০৭৬.২৩** নথির বিষয়: Repairing, rising, lowering & maintenance of Sewer Manhole with installation of Manhole Cover at Tati Bazar, Shakhari Bazar, Court House Street, Islampur, Zindabahar, prosonno podder Lane and adjacent area under MODS Zone-2. (Frame Work)

নোট: ১ নোটের বিষয়: **Repairing, rising, lowering & maintenance of Sewer Manhole with installation of Manhole Cover at Tati Bazar, Shakhari Bazar, Court House Street, Islampur, Zindabahar, prosonno podder Lane and adjacent area under MODS Zone-2. (Frame Work)**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২১/৮/২৩ ২:৩২ অপরাহ্ন

ঢাকা ওয়াসা মড্স জোন-২ এর আওতাধীন তাঁতী বাজার, শাখারী বাজার, কোর্ট হাউজ স্ট্রিট, ইসলামপুর, জিন্দাবাহার, প্রসন্ন পোদ্দার লেন এবং তৎসংলগ্ন এলাকা সমূহ অধিক ঘনবসতিপূর্ণ ও গুরুত্বপূর্ণ এলাকা হিসাবে অধিক পরিচিত। উল্লেখিত এলাকা সমূহে ঢাকা ওয়াসার পয়ঃ লাইনে অসংখ্য পয়ঃ ম্যানহোল বিদ্যমান। উক্ত এলাকা অধিকাংশ রাস্তা সরু ও ব্যস্ততম হওয়ায় প্রতিনিয়ত প্রচুর পরিমানে ভারী যানবাহন চলাচল করে থাকে। ফলে সিটি কর্পোরেশনের রাস্তায় বিদ্যমান ঢাকা ওয়াসার পয়ঃ পিট সমূহ মারাত্বকভাবে ক্ষতিগ্রস্থ হয়। অধিক ব্যস্ততম সড়কগুলোতে ভারী যানবাহনের চাপে পয়ঃ লাইনে ম্যানহোল কভার অত্যধিক হাওে ভেঙ্গে যাওয়ায় স্কুল/কলেজের ছাত্র-ছাত্রী, ব্যবসা প্রতিষ্ঠানের লোকজন, পথচারী ও যানবাহন চলাচলে মারাত্বক অসুবিধার সৃষ্টি হচ্ছে। কভারবিহীন স্থানে যে কোন মূহুর্তে বড় ধরনের দূর্ঘটনা ঘটার সম্ভাবনা রয়েছে। ঢাকা সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ, মসজিদ/মন্দিরের তদারকির দায়িত্বে নিয়োজিত ব্যক্তিবর্গ, সামাজিক সংগঠনের সভাপতিসহ জনগণের নিকট হতে ম্যানহোল কভার নাই/ভেঙ্গে গিয়েছে প্রসংগে কভার লাগানোর জন্য মৌখিক/লিখিতভাবে অভিযোগ আসে। তাছাড়া সিটি কর্পোরেশনের আঞ্চলিক কর্মকর্তাগণও কভার লাগানোর জন্য তাগাদা দেন। সেই প্রেক্ষিতে জনস্বার্থে ও কর্তৃপক্ষের সুনাম রক্ষার্থে অভিযোগ মোকাবেলার জন্য ম্যানহোল কভার স্থাপন, উঁচু করণ, মেরামত করণ ও প্রয়োজনে ম্যানহোল কভার নিচু করণ কাজের জন্য একটি প্রাক্কলন প্রস্তত করা হল। যাহার টাকার পরিমান =৪,৯৭,৪২০/-(চার লক্ষ সাতানব্বই হাজার চারশত বিশ) টাকা মাত্র। বিভাগীয় দরের অতিরিক্ত ১৫ শতাংশ বেশি ধরে প্রাক্কলন প্রনয়ন করা হয়েছে যাহা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটির খরচ ২০২৩-২০২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-৪২ WRS1 এ e-GP LTM পদ্ধতিতে দরপত্র আহবানের অনুমোদন রয়েছে।

সংযুক্তিসমূহ (৪):

১। ২০২৩-২০২৪ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।.
২। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত বিভাগীয় দরের সাথে অতিরিক্ত ১৫% দর বৃদ্ধির কপি।.
৩। ক্যালকুলেশন শিট।.
৪। প্রাক্কলনের কপি।.

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২১/৮/২৩ ৬:২২ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে "Repairing, rising, lowering & maintenance of Sewer Manhole with installation of Manhole Cover at Tati Bazar, Shakhari Bazar, Court House Street, Islampur, Zindabahar, prosonno podder Lane and adjacent area under MODS Zone-2. (Frame Work)" এর কাজটি দ্রুত সম্পন্ন করার লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট = ৪,৯৭,৪২০/-(চার লক্ষ সাতানব্বই হাজার চারশত বিশ) টাকা মাত্র এর প্রাক্কলনটি e-GP LTM পদ্ধতিতে দরপত্র আহবান সহ অনুমোদন দেয়া যেতে পারে, যাহা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২১/৮/২৩ ৬:২২ অপরাহ্ণ
মোঃ হিরক আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২

২১/৮/২৩ ১১:১৯ অপরাহ্ণ
মোহাম্মদ ইখতিয়ার মাসউদ
সহকারী প্রকৌশলী
মডস জোন-২

২২/৮/২৩ ১১:২০ পূর্বাহ্ণ
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২

~~২২/৮/২৩ ১১:২০ পূর্বাহ্ণ~~
~~মোঃ আব্দুল মজিদ~~
~~তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~
~~মডস সার্কেল-১~~

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২২/৮/২৩ ৮:১৭ অপরাহ্ণ

অনুচ্ছেদ ১.১ এর প্রস্তাব প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদন দেওয়া যেতে পারে।

২২/৮/২৩ ৮:১৮ অপরাহ্ণ
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

~~২২/৮/২৩ ৮:১৮ অপরাহ্ণ~~
~~মোঃ কামরুল হাসান~~
~~প্রধান প্রকৌশলী~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২৩/৮/২৩ ৪:৫১ অপরাহ্ণ

অনুমোদিত

২৩/৮/২৩ ৪:৫১ অপরাহ্ণ
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)

২৩/৮/২৩ ৫:২৫ অপরাহ্ণ
মোহাম্মদ নজরুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-২

২৩/৮/২৩ ৫:৫২ অপরাহ্ণ
মোহাম্মদ ইখতিয়ার মাসউদ
সহকারী প্রকৌশলী
মডস জোন-২

২৩/৮/২৩ ৬:২৩ অপরাহ্ণ
মোঃ হিরক আল মামুন
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-২